



Fax No. : 880-2-9551072
Grams : AUTHORITY
Phones : 9556151-55
: 9555042
: 9552039
: 9552027

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

বি.আই.ডব্লিউ.টি.এ ভবন
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
পোস্ট বক্স ৭৬, ঢাকা-১০০০
বাংলাদেশ

যানবাহন শাখা

BIWTA BHABAN
141-143, MOTIJHEEL C/A,
POST BOX 76, DHAKA-1000
BANGLADESH

নথি নং-১৮.১১.০০.০০.০৩৬.১৮.৭৬৯.১৭/ ৮৩২

তারিখ : ১১/১২/২০১৮

“বাস ভাড়া করণের দরপত্র বিজ্ঞপ্তি”

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীগণকে অফিসে আনা-নেয়ার জন্য মতিঝিলস্থ অফিস ভবন হতে মতিঝিল-মিরপুর-১৩ রুটে ৪৪(চুয়াল্লিশ) আসন বিশিষ্ট ০১(এক)টি বাস বাৎসরিক ভিত্তিতে ভাড়া করণের লক্ষ্যে প্রকৃত বাস মালিক/সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। সীলমোহরকৃত দরপত্র উপ-পরিচালক(প্রশাসন), বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ৪র্থ তলা, ঢাকায় আগামী ২৬/১২/২০১৮ তারিখ ১২.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে এবং প্রাপ্ত দরপত্রগুলো উক্ত তারিখ ১২.৩০ ঘটিকায় উপ-পরিচালক(প্রশাসন), সচিবালয়, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ৪র্থ তলা, ঢাকা এর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক দরপত্র ফরম ও শর্তাবলীর মূল্য বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) বাঅনৌপ-কর্তৃপক্ষের হিসাব বিভাগ (ক্যাশ শাখা, ৯ম তলা), ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-এর নিকট জমা প্রদান পূর্বক আগামী ২৪/১২/২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সংগ্রহ করা যাবে। দরদাতাকে দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীল ব্যাংক হতে বিআইডব্লিউটিএ'র অনুকূলে ১৫,০০০/- (পনের হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট টেন্ডার সিকিউরিটি হিসাবে জমা প্রদান করতে হবে। টেন্ডার সিকিউরিটি ব্যতিরেকে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। দরপত্র সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার পর অকৃতকার্য দরদাতাগণের টেন্ডার সিকিউরিটি ফেরৎ দেয়া হবে এবং Performance Guarantee জমাদান পূর্বক চুক্তিপত্র সম্পাদনের পর কৃতকার্য দরদাতার টেন্ডার সিকিউরিটি ফেরৎ দেয়া হবে। দরপত্র খোলার তারিখে কোন দরপত্র বিক্রি হবে না এবং নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ সিরাজুল ইসলাম ভূঞা)

উপ-পরিচালক(প্রশাসন)

বিআইডব্লিউটিএ, ঢাকা।